

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৬৫/২০১২

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৬/১১/২০১২খ্রিঃ

২২ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ, নথি নং- পিএসআই/বিবিধ/সভা/১৫৬/২০০২/অংশ-১/৭১৪৩ কাস, তারিখ- ৩০/১০/২০১২খ্রিঃ সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
(এম রহমান)
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- পিএসআই/বিবিধ/সভা/১৫৬/২০০২/অংশ-১/

তারিখ- ১০/২০১২

অফিস আদেশ

বিষয় : পিএসআই (PSI) কৃত পণ্য চালান শুক্কায়নে দলিলাদি যাচাই।

পিএসআইকৃত পণ্য চালানের শুক্কায়ন কালে দাখিলকৃত দলিলাদি যথাযথ ভাবে যাচাই করার বিধান থাকা সত্ত্বেও সকল ক্ষেত্রে যথাযথভাবে করা হচ্ছে না।

২। উক্ত বিষয়ে নিম্নরূপ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো :

- PSI কৃত পণ্য চালানের দাখিলকৃত সকল ইনভয়েস ও প্যাকিং লিষ্ট পিএসআই সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত (Certified) হতে হবে;
- CRF -এ উল্লিখিত আইটেম এবং প্যাকেজ সংখ্যার সাথে ইনভয়েস/প্যাকিং লিষ্টে উল্লিখিত আইটেম এবং প্যাকেজ সংখ্যা সমান হতে হবে। না হলে রাজস্ব ঝুঁকি বিবেচনা করতে হবে;
- পিএসআই কৃত পণ্য চালান শুক্কায়নের জন্য দাখিলকৃত ইনভয়েস/প্যাকিং লিষ্ট পিএসআই সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত না থাকলে একে একটি রাজস্ব ঝুঁকি (Potential risk) বিবেচনা করতে হবে;
- Clean Report of findings (CRF) এ LCL (Least Cargo Load) এবং সেজন্য Container Seal নম্বরবিহীন থাকা সত্ত্বেও কোন পিএসআইকৃত পণ্য চালানের B/L (Bill of Lading) এ FCL (Full Cargo Load) হিসেবে উল্লেখ থাকলে তাকে একটি রাজস্ব ঝুঁকি বিবেচনা করতে হবে;
- উপর্যুক্ত (খ), (গ) এবং (ঘ) বৈশিষ্ট্যপূর্ণ পিএসআইকৃত পণ্য চালান যদি কায়িক পরীক্ষার জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত না হয়, তবে শুক্কায়ন পর্যায়ে কমিশনারের অনুমোদন সাপেক্ষে কায়িক পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এরূপ অসঙ্গতির জন্য আমদানিকারকের, পিএসআই সংস্থার ও ব্যাংকের লিখিত বক্তব্য গ্রহণ করতে হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(ড. মারুফুল ইসলাম)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোন নং- ০৩১-৭১৩৯১৮।

নথি নং- পিএসআই/বিবিধ/সভা/১৫৬/২০০২/অংশ-১/৭১৪৩ কাস

তারিখ- ৩০/১০/১২

পৃষ্ঠা নং- ৭৭